

# পেয়ারার সুবাস ওটিটিতে, নেটফ্লিক্সে দ্য গ্রেট ইন্ডিয়ান কপিল শো

রোজার মাসে দেশি ওটিটি  
প্ল্যাটফর্মগুলোতে নতুন কোনো সিরিজ  
পাওয়া যায়নি। বেশকিছু সিরিজ  
আসছে ঈদকে কেন্দ্র করে। এছাড়া  
বিদেশি প্ল্যাটফর্মগুলোতে মুক্তিপ্রাপ্ত  
বেশকিছু সিরিজ আলোচনায়  
এসেছে। জানাচ্ছেন সীমান্ত।



## পেয়ারার সুবাস - চরকি

নূরুল আলম আতিকের সিনেমা 'পেয়ারার সুবাস' সিনেমা হলে মুক্তি পায় ৯ ফেব্রুয়ারি। সিনেমাটি ২১ মার্চ ওটিটি প্ল্যাটফর্ম চরকিতে মুক্তি পেয়েছে। ৯২ মিনিটের এই সিনেমায় বাঙালির বৈবাহিক যৌনজীবনে পুরুষের আধিপত্য এবং এ বিষয়ে নানা প্রশ্ন উঠে এসেছে। গত ৭ ফেব্রুয়ারি এই সিনেমার প্রিমিয়ার শোতে আসার পথে হৃদরোগে আক্রান্ত হয়ে মারা যান অভিনেতা আহমেদ রুবেল। সিনেমাটি তাকে উৎসর্গ করা হয়েছে। এতে আরও অভিনয় করেছেন জয়া আহসান, তারিক আনাম খান, সুষমা সরকার, দিহান, নূর ইমরান মিঠু। গত বছর আন্তর্জাতিক মর্যাদাপূর্ণ মস্কো ফিল্ম ফেস্টিভ্যালের ৪৫তম আসরের মূল প্রতিযোগিতা বিভাগে অফিসিয়াল সিলেকশন পেয়েছিল 'পেয়ারার সুবাস' সিনেমাটি।

## দ্য গ্রেট ইন্ডিয়ান কপিল শো - নেটফ্লিক্স

দীর্ঘ ৬ বছরের বাগড়া মিটিয়ে আবারও একসঙ্গে ফিরেছেন কপিল-সুনীল। ৩০ মার্চ থেকে ওটিটি প্ল্যাটফর্ম নেটফ্লিক্সে 'দ্য গ্রেট ইন্ডিয়ান কপিল শো'র প্রথম পর্ব প্রচার হয়েছে। গত বছরের ডিসেম্বরে কপিল-সুনীলের নতুন শো এর ঘোষণা দেয় নেটফ্লিক্স। এক প্রমোশনাল ভিডিওতে একসঙ্গে কপিল-সুনীলের উপস্থিতি ভক্তদের বেশ উচ্ছ্বসিত করে। বহুদিন পর ভারতীয় টিভি কমেডির দুই জনপ্রিয় তারকা কপিল শর্মা ও সুনিল গ্ৰোভার 'দ্য গ্রেট ইন্ডিয়ান কপিল শর্মা শো'তে আবার একত্রিত হলেন।



## লাস্ট ডিফেন্ডারস অব মনোগামী - চরকি

মোস্তফা সরয়ার ফারুকী নির্মাণ করছেন 'লাস্ট ডিফেন্ডারস অব মনোগামী' সিনেমা। একজন মধ্যবয়সী ব্যক্তির চরিত্রে অভিনয় করেছেন চঞ্চল চৌধুরী। সঙ্গে আছেন গায়িকা জেফার রহমান। প্রথমবারের মতো জুটি বেঁধেছেন তারা দুজন। সেই সাথে অভিনয়ে আছেন সামিনা হোসেন শ্রেমা, শুদ্ধ, প্রত্যয়ী প্রথমা রাই সহ আরও অনেকে। আসন্ন ঈদে ওটিটি প্ল্যাটফর্ম 'চরকি' তে মুক্তি পেতে যাচ্ছে ওয়েব ফিল্মটি। চরকির 'মিনিস্ট্রি অব লাভ' এর তৃতীয় ফিল্ম। নির্মাতা মোস্তফা সরয়ার ফারুকীর প্রিয় একটি কাজ হচ্ছে মানুষের মনের ভেতর ছিপ ফেলে দেখা কী কী ধরা পড়ে সেখানে। ছোট-বড়, তুচ্ছ-গুরুত্বপূর্ণ সবই তাকে নাড়া দেয়। মনোগামীতে অনেকদিন পরে মেল-ফিমেল রিলেশনশিপের কিছু দিক নিয়ে এই রকম ছিপ ফেলার সুযোগ পেয়েছেন তিনি।



### রুমি - ভিকি জাহেদ

ওটিটি প্ল্যাটফর্মে এবার জুটিবদ্ধ হলেন চঞ্চল চৌধুরী-ভিকি জাহেদ। ভিকি জাহেদ পরিচালিত নতুন ওয়েব সিরিজ 'রুমি'। সিরিজে চঞ্চল চৌধুরীকে সিআইডি কর্মকর্তা রুমির চরিত্রে দেখা যাবে। যিনি এক দুর্ঘটনায় চোখ হারান, এরপর অজুত সব স্বপ্ন দেখতে থাকেন। স্বপ্নের সূত্র ধরেই একটি হত্যা মামলা সমাধানে নামেন রুমি। সেই সূত্র মামলার সমাধান করবে না কি, আরও জট পাকাবে এমন প্রশ্নের উত্তর মিলবে সিরিজে। আরও অভিনয় করেছেন সঞ্জল নূর, রিকিতা নন্দিনী শিমু। ১০ এপ্রিল ওটিটি প্ল্যাটফর্ম হইচই তে মুক্তি পাচ্ছে সিরিজটি। 'রুমি' সিরিজের পোস্টার প্রকাশ করার পর চঞ্চল চৌধুরীর লুক লুফে নিয়েছেন সিরিজপ্রেমীরা। ছবিতে রোদচশমায় চঞ্চলের লুক যথেষ্ট আগ্রহ জাগিয়েছে।

### দাদুর কীর্তি - হইচই

ছেলে-মেয়ে বড় হয়েছে, নাতি-নাতনিরাও বড় হচ্ছে। সতীনাথ চৌধুরী ও সন্ধ্যা চৌধুরী দম্পতি এখনো চৌধুরীবাড়ির কর্তৃত্ব শক্ত হাতে ধরে রেখেছেন। মেয়েরা বিয়ের পর শ্বশুরবাড়িতে, আর ছেলেরা যে যার মতো সংসার গুছিয়েছে। কিন্তু যখনই টাকার গন্ধ পাওয়া যায়, সবাই ছুটে আসে চৌধুরীবাড়িতে। তাই চৌধুরীবাড়ির দাদু অর্থাৎ সতীনাথ চৌধুরী ফাঁদলেন নতুন এক ফন্দি। চৌধুরীবাড়ির গুণ্ডনের খবর ছড়ালেন। পুরো পরিবার একে একে জড়ো হতে লাগল। এভাবেই এগিয়েছে 'দাদুর কীর্তি' সিরিজের গল্প। ৬ পর্বের সিরিজটিতে অভিনয় করেছেন পরাণ বন্দ্যোপাধ্যায়, অনসূয়া মজুমদার, সত্যাম ভট্টাচার্য, কাঞ্চন মল্লিক। ২৯ মার্চ ওটিটি প্ল্যাটফর্ম হইচই তে রিলিজ পেয়েছে সিরিজটি।



### লজ্জা - হইচই

সব অত্যাচার কি দেখা যায়? সব নির্ধাতন কি শারীরিক হয়? যদি না হয়, যদি কোনও গার্হস্থ্য হিংসাকে চোখে দেখা না যায়, প্রমাণ করা না যায় তাহলে কি 'লজ্জা' পাওয়া উচিত? এই সিরিজের মুখ্যভূমিকায় দেখা গিয়েছে প্রিয়াঙ্কা সরকারকে। নতুন ফ্ল্যাট, দামি গাড়ি আপাতদৃষ্টিতে কিছুই যেন অভাব নেই সংসারে। কিন্তু তবুও কেন সংসার থেকে, স্বামীর কাছ থেকে বিচ্ছেদ চায় প্রিয়াঙ্কা অভিনীত চরিত্রটি? দেখা যাবে ছয় পর্বের সিরিজে। ২২ মার্চ 'হইচই'- প্ল্যাটফর্মে মুক্তি পেয়েছে এই সিরিজ। নতুন এই সিরিজে জুটি বেঁধেছেন প্রিয়াঙ্কা সরকার ও অনুজয় চট্টোপাধ্যায়। বিশেষ চরিত্রে রয়েছেন কনীনিকা বন্দ্যোপাধ্যায়।

### ক্রিমিনালস - দীপ্ত প্লে

সমাজের তিন শ্রেণির তিনজন নারীকে নিয়ে সিনেমার গল্প। প্রত্যেকেই প্রতারণিত হয়ে আজ জীবনে এক কঠিন সংগ্রামের মুখোমুখি। তিন নারীর লক্ষ্য এখন একটাই, প্রতিশোধ নেওয়া। নিজেদের লক্ষ্য পূরণেই তারা হয়ে ওঠে ক্রিমিনাল। ফরহাদ আহমেদ নির্মিত ক্রাইম থ্রিলার ওয়েব ফিল্ম 'ক্রিমিনালস' এ অভিনয় করেছেন তানজিকা আমিন, চমক, নীল হরের জাহান, আবু হুরায়রা তানভীর, ইরফান সাজ্জাদ, শাহরিয়ার রানা। কয়েকদিন পর পরই বড় বড় জালিয়াতিচক্র সাধারণ মানুষদের বোকা বানিয়ে তাদের কষ্টের টাকা লুটপাট করে চলে যায়। এরকম একটি প্রতারণার ঘটনা থেকেই ক্রিমিনালস-এর গল্প তৈরি হয়েছে। নারী দিবস উপলক্ষে ৮ মার্চ 'দীপ্ত প্লে'তে ওয়েব ফিল্মটি মুক্তি পায়।

